



আজ প্রধানমন্ত্রীর জাতিসংঘ সফর নিয়ে সংবাদ সম্মেলন



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

আজ জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে অংশগ্রহণসহ প্রধানমন্ত্রী তারেক রহমানের নিউইয়র্ক সফরের বিভিন্ন দিক তুলে ধরতে সংবাদ সম্মেলন করবে প্রধানমন্ত্রীর কার্যালয়।

বুধবার (৩০ সেপ্টেম্বর) বিকেল সাড়ে ৩টায় তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ‘করবী হলে’ এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে।

প্রধানমন্ত্রীর কার্যালয়ের বরাতে এ তথ্য জানিয়েছে সংবাদমাধ্যম যুগান্তর।

সংবাদ সম্মেলনে বক্তব্য দেবেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন, প্রেস সচিব ও মুখপাত্র সালেহ শিবলী এবং অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন।

জাতিসংঘ অধিবেশনের বিভিন্ন কার্যক্রম এবং বিশ্বনেতাদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠকসহ সফরের সার্বিক বিষয় সংবাদ সম্মেলনে তুলে ধরা হবে।